

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৪২

8/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/২১. অসুখের কারণে ও সফরে যাওয়ার কারণে বা অন্য যে কোন কারণে সঙ্গত ওযর উপস্থিত হলে সালাতে অন্যকে ইমামের স্থলাভিষিক্ত করা

استخلاف الإمام إذا عرض له عذر من مرض وسفر وغيرهما من يصلى بالناس

## আরবী

حَدِيْثُ أَبِي مُوسَى قَالَ مَرِضَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَاشْتَدَّ مَرَضُهُ فَقَالَ مُرُوا أَبَا بَكْرٍ فَلْيُصلِّ بِالنَّاسِ قَالَتْ عَائِشَةُ إِنَّهُ رَجُلُّ رَقِيقٌ إِذَا قَامَ مَقَامَكَ لَمْ يَسْتَطِعْ أَنْ يُصلِّي بَكْرٍ فَلْيُصلِّ بِالنَّاسِ قَالَ مُري أَبَا بَكْرٍ فَلْيُصلِّ بِالنَّاسِ فَعَادَتْ فَقَالَ مُري أَبَا بَكْرٍ فَلْيُصلِّ بِالنَّاسِ فَإِنَّكُنَّ صَوَاحِبُ يُوسُفَ فَأَتَاهُ الرَّسُولُ فَصلَلًى بِالنَّاسِ فِي حَيَاةِ النَّبِيِّ صلى الله عليه وسلم

## বাংলা

২৪২. আবৃ মূসা (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসুস্থ হয়ে পড়লেন, ক্রমে তাঁর অসুস্থতা তীব্রতর হলে তিনি বললেন, আবৃ বকরকে লোকদের নিয়ে সালাত আদায় করতে বল। 'আয়িশাহ্ (রাযি.) বললেন, তিনি তো কোমল হৃদয়ের লোক, যখন আপনার স্থানে দাঁড়াবেন, তখন তিনি লোকদের নিয়ে সালাত আদায় করতে পারবেন না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবার বললেন, আবৃ বকরকে বল, সে যেন লোকদের নিয়ে সালাত আদায় করে। 'আয়িশাহ্ (রাযি.) আবার সে কথা বললেন। তখন তিনি আবার বললেন, আবৃ বকরকে বল, সে যেন লোকদের নিয়ে সালাত আদায় করে। তোমরা ইউসুফের (আ.) সাথী রমণীদেরই মতো। অতঃপর একজন সংবাদদাতা আবৃ বকর (রাযি.)-এর নিকট সংবাদ নিয়ে আসলেন এবং তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্ধশাতেই লোকদের নিয়ে সালাত আদায় করলেন।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০ : আযান, অধ্যায় ৪৬, হাঃ ৬৭৮; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ২১, হাঃ ৪২০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশাআরী (রাঃ)

 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 33513$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন